

জাতীয় গ্রন্থকেন্দ্র

সংস্কৃতি বিষয়ক মন্ত্রণালয়

৫/সি বঙ্গবন্ধু এভিনিউ, ঢাকা-১০০০

ফোন-৯৫৫৫৭৪৩, ফ্যাক্স-৯৫৭২২১১

Email: granthakendro.org@gmail.com web: www.nbc.org.bd


নং- ৪৩.২৭.০০০০.১০৭.২০.১০৬.২০. ১১৫৫

তারিখ: ০৩ নভেম্বর ২০২০

বিষয়: অনুদানপ্রাপ্ত ও তালিকাভুক্ত সকল বেসরকারি গ্রন্থাগার কর্তৃপক্ষের সদয় দৃষ্টি আকর্ষণ।

জাতীয় গ্রন্থকেন্দ্রের অনুদানপ্রাপ্ত ও তালিকাভুক্ত সকল বেসরকারি গ্রন্থাগার কর্তৃপক্ষসহ সাধারণের অবগতির জন্য জানানো যাচ্ছে যে, তালিকাভুক্তির আবেদনের জন্য, তালিকাভুক্তির জন্য, অনুদানপ্রাপ্তির জন্য এবং অনুদানের বই সরবরাহ গ্রহণসহ জাতীয় গ্রন্থকেন্দ্রের সঙ্গে সংশ্লিষ্ট কার্যক্রমে অংশগ্রহণ ও সম্পাদন প্রক্রিয়ার কোনো ক্ষেত্রে কোনো প্রকার অর্থ-সংশ্লিষ্টতা নেই। বর্ণিত কার্যাদি সম্পাদনের জন্য কোনো প্রকার ফিও প্রদান করতে হয় না। বর্ণিত বিষয়ে কোনো ব্যক্তি বা ব্যক্তিবর্গ কোনো প্রকার ফি বা অর্থ দাবি করলে বিষয়টি তাৎক্ষণিকভাবে সংশ্লিষ্ট কর্তৃপক্ষকে অবহিত করার জন্য অনুরোধ করা হলো।

বি. দ্র. যারা এখনও জাতীয় গ্রন্থকেন্দ্রের মুখপত্র 'বই' পত্রিকার গ্রাহক হননি, অনুগ্রহপূর্বক তাদেরকে গ্রাহক হবার জন্য পুনরায় অনুরোধ করা হলো এবং গ্রাহক ফরম এ সঙ্গে সংযুক্ত করা হলো।


(মিনার মনসুর) ৫/১১/২০
পরিচালক

বিতরণ:

- ১। ২০১৯-২০ অর্থবছরে অনুদানপ্রাপ্ত সকল বেসরকারি গ্রন্থাগার।
- ২। জাতীয় গ্রন্থকেন্দ্রের তালিকাভুক্ত সকল বেসরকারি গ্রন্থাগার।

সদয় অবগতির জন্য অনুলিপি প্রেরণ করা হলো:

- ১। মাননীয় প্রতিমন্ত্রী মহোদয়ের একান্ত সচিব, সংস্কৃতি বিষয়ক মন্ত্রণালয়, বাংলাদেশ সচিবালয়, ঢাকা।
- ২। সচিব মহোদয়ের একান্ত সচিব, সংস্কৃতি বিষয়ক মন্ত্রণালয়, বাংলাদেশ সচিবালয়, ঢাকা।
- ৩। আইসিটি শাখা, জাতীয় গ্রন্থকেন্দ্র (ওয়েব সাইটে প্রকাশের নিমিত্ত)।